



পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ • পশ্চিমবঙ্গ সরকার

বিজ্ঞপ্তি



মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে

পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির অন্যতম বার্ষিক কর্মসূচি 'চতুর্বিংশ নাট্যমেলা',

আগামী নভেম্বর ২০২৪ থেকে ফেব্রুয়ারি ২০২৫-এর মধ্যে বিভিন্ন জেলায় এবং কলকাতার বিভিন্ন প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হবে।

সম্ভাব্য স্থান

জেলা : ফালাকাটা (আলিপুরদুয়ার), জলপাইগুড়ি (জলপাইগুড়ি), রায়গঞ্জ (উত্তর দিনাজপুর), বালুরঘাট (দক্ষিণ দিনাজপুর), চুচুড়া (জুগলি), আসানসোল (পশ্চিম বর্ধমান), তমলুক (পূর্ব মেদিনীপুর), বাঁকুড়া (বাঁকুড়া), নৈহাটি (উত্তর ২৪ পরগনা), উলুবেড়িয়া (হাওড়া)

কলকাতা : রবীন্দ্রসদন, মধুসূদন মঞ্চ, গিরিশ মঞ্চ, শিশির মঞ্চ, মিনার্ভা থিয়েটার, উৎসব মঞ্চ কাঁকুড়গাছি, তৃপ্তি মিত্র নাট্যগৃহ

কলকাতার ক্ষেত্রে মঞ্চনাটক ছাড়াও পথনাটক (সর্বাধিক ১০ জনের দল), অন্তরঙ্গ নাটক (সর্বাধিক ১০ জনের দল),

পুতুল নাটক (সর্বাধিক ১০ জনের দল), মূকাভিনয় (একক শিল্পী বিবেচ্য নয়) এবং নাটকের গানের দল (সর্বাধিক ৭ জন), আবেদন করতে পারবে।

আবেদনের নিয়মাবলি

১. দলের প্যাডে সচিব, পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির কাছে আবেদন করতে হবে। সঙ্গে দিতে হবে নাটককারের অনুমতিপত্র, নাটকের সংক্ষিপ্তসার (অনধিক ৪০ শব্দ), সময়সীমা, মঞ্চাভিনেতা এবং নেপথ্যশিল্পীদের পূর্ণাঙ্গ তালিকা, নাট্যমুহূর্তের ছবি (২টি), প্রযোজনাটির শংসার স্বপক্ষে পেপার কাটিং/শংসাপত্র, রেজিস্ট্রেশন সার্টিফিকেটের প্রতিলিপি, যোগাযোগের জন্য ২টি ফোন নম্বর ইত্যাদি। এই তথ্যগুলির প্রতিটি ২ কপি করে জমা দেবেন। ২. পশ্চিমবঙ্গে নিবন্ধীকৃত সকল নাট্যদল কমপক্ষে ৩ বছর নাট্যচর্চায় যুক্ত থাকলে তবেই এই প্রকল্পে আবেদন করা যাবে। মুখ্যত থিয়েটার করে এমন দলকেই সুযোগ দেওয়া হবে। ৩. যে নাটকের জন্য আবেদন করা হচ্ছে সেই নাটকটিই অভিনয় করতে হবে। ৪. প্রতিটি পূর্ণদৈর্ঘ্য ও স্বল্পদৈর্ঘ্য নাটকের জন্য আকাদেমির স্থিরীকৃত হারে প্রযোজনা খরচ দেওয়া হবে। দূরবর্তী দলের জন্য আকাদেমি স্থিরীকৃত হারে পরিবহণ খরচ দেওয়া হবে। সকল দলের জন্য আকাদেমি স্থিরীকৃত হারে জলখাবার/খাওয়ার খরচ দেওয়া হবে (পূর্ণদৈর্ঘ্যের ক্ষেত্রে দলপিছু সর্বাধিক ২৫ জনের এবং স্বল্পদৈর্ঘ্যের ক্ষেত্রে দলপিছু সর্বাধিক ১৫ জনের জন্য)। অনুষ্ঠানস্থলে কোনোরূপ আহারের ব্যবস্থা থাকবে না। কেবলমাত্র অত্যধিক দূরবর্তী স্থান থেকে আগত দলের জন্য রাত্রিবাসের ব্যবস্থা থাকবে। ৫. পূর্ণদৈর্ঘ্য নাটকের সময়সীমা ন্যূনতম ৮০ মিনিট এবং সর্বাধিক ১৫০ মিনিট। স্বল্পদৈর্ঘ্য নাটকের সময়সীমা ন্যূনতম ৪০ মিনিট এবং সর্বাধিক ৬৫ মিনিট। পূর্ণদৈর্ঘ্য প্রযোজনা ৮০ মিনিটের কম হলে এবং স্বল্পদৈর্ঘ্য প্রযোজনা ৪০ মিনিটের কম অথবা ৬৫ মিনিটের বেশি হলে প্রযোজনাটি বাতিল বলে গণ্য হবে, এক্ষেত্রে প্রযোজনা ব্যয় বা অন্য কোনোরূপ অর্থ তাঁদের দলকে দেওয়া হবে না। ৬. দল নির্বাচনের বিষয়ে পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সিদ্ধান্তই চূড়ান্ত। ৭. নাট্যমেলায় মঞ্চ বা প্রেক্ষাগৃহের কোনো স্থানে আগুন জ্বালানো কঠোরভাবে নিষিদ্ধ। ৮. ১৪ জুলাই থেকে ১৪ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে, দুপুর ১টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত, কাজের দিনগুলিতে, দপ্তরে সরাসরি আবেদনপত্র জমা করা যাবে। ডাকযোগে পাঠালে তা অবশ্যই ১৪/০৮/২০২৪-এর মধ্যে নাট্য আকাদেমি দপ্তরে পৌঁছতে হবে। নির্দিষ্ট সময়ের পরে জমা পড়া কোনো আবেদনপত্র গ্রাহ্য হবে না।

৯. অনিবার্য কারণবশত যে কোনো সময়ে অনুষ্ঠানসূচি পরিবর্তিত বা বাতিলও হতে পারে।

সচিব

১/১, আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা- ৭০০ ০২০ • ফোন ০৩৩ ২২২৩ ৪৭৮৬/ ১১২২

পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি